দৈনিক ইনকিলাব

10 JAN 2000

পৃষ্ঠা ... ১২ কলাম ... ৮

# শিক্ষকদের ন্যায়সঙ্গত বিষয়গুলো বিবেচনায় সরকার আন্তরিক
## —শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সঙ্গে দেখা করেছেন বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যপরিষদ ও বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতিরি নেতৃবৃন্দ। গতকাল শিক্ষামন্ত্রীর সঙ্গে তার বাসভবনে দেখা করেন সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির পৃঃ ২ কঃ ৩

**শিক্ষামন্ত্রী** ১২-এর পৃষ্ঠার পর

সভাপতি আঃ আউয়াল তালুকদারের নেতৃত্বে ১০১ সদস্যের প্রতিনিধি দল। তারা দেখা করতে গেলে শিক্ষামন্ত্রী বলেন, জাতীয় উন্নয়নের স্বার্থে প্রাথমিক শিক্ষায় গুণগত মানোন্নয়নে শিক্ষকদের আরো বেশী আন্তরিক হতে হবে। মন্ত্রী জানান, প্রাথমিক শিক্ষার উন্নয়নে সব কিছুই করবেন এবং শিক্ষকদের ন্যায়সঙ্গত বিষয়সমূহ বিবেচনায় আন্তরিক হবেন। বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যপরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকীর নেতৃত্বে ড. ম. আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী. চৌধুরী খুরশিদ আলম, অধ্যাপক এম এ বারী প্রমুখ শিক্ষামন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।